

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

‘পল্লী ভবন’

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৪১৬.০৯.০০১.২১-২০৯০

তারিখ: ০৭/০৩/২০২১ খ্রি.

বিষয়: ‘জাতীয় পল্লী উন্নয়ন পদক’ বিতরণ অনুষ্ঠান উপলক্ষ্যে প্রচার-প্রচারণার জন্য পল্লী উন্নয়ন বিষয়ক উক্তি সরবরাহ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর যৌথ উদ্যোগে ১ম বারের মত ‘জাতীয় পল্লী উন্নয়ন পদক’ বিতরণ অনুষ্ঠান হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে বিভিন্ন বই থেকে কৃষি উৎপাদন, দক্ষতা বৃদ্ধি, দারিদ্র্য বিমোচন ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক বঙ্গাবন্ধু ও মাননীয় প্রধানমন্ত্রীর কতিপয় উক্তি সংগ্রহ করা হয়েছে (কপি সংযুক্ত)। এ অনুষ্ঠানে সাজ-সজ্জা ও প্রচার প্রচারণার জন্য প্রাসঙ্গিক আরো কিছু উক্তি প্রয়োজন।

এমতাবস্থায়, সংযুক্ত তালিকার বাহিরে যদি কারো ব্যক্তিগত সংগ্রহে এ অনুষ্ঠানের প্রাসঙ্গিক কোন উক্তি থাকে তাহলে তা রেফারেন্সসহ আগামী ১৪/০৩/২০২১ তারিখের মধ্যে গবেষণা ও মূল্যায়ন শাখায় ddevalu@brdb.gov.bd মেইলে জরুরিভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বা./

মোঃ সাজ্জাদুল ইসলাম

উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৪১৬.০৯.০০১.২১-২০৯০

তারিখ: ০৭/০৩/২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। প্রকল্প/কর্মসূচি পরিচালক/যুগ্মপরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৪। সহকারী পরিচালক/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)....., বিআরডিবি।
- ৫। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/সরেজমিন/অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।

স্বা./
মোঃ সাজ্জাদুল ইসলাম

উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)

পল্লী উন্নয়ন বিষয়ে বঙ্গবন্ধুর উক্তি:

- এই স্বাধীনতা আমার কাছে সেদিনই প্রকৃত স্বাধীনতা হয়ে উঠবে, যেদিন বাংলাদেশের কৃষক, মজুর ও দুঃখী মানুষের সকল দুঃখের অবসান হবে।
- করাপশন আমার বাংলার কৃষকরা করে না। করাপশন আমার বাংলার মজদুররা করে না। করাপশন করি আমরা শিক্ষিত সমাজ।
- ডেভেলপমেন্ট ওয়ার্কের জন্য পাম্প পেলাম না- এটা পেলাম না, -এসব বলে বসে না থেকে জনগনকে মবিলাইজ করুন।
- তোমাদের কাজ করে প্রোডাকশন বাড়াতে হবে। ক্ষেত খামারে কাজ না করলে তোমরা জমির উপর থাকতে পারবে না।
- কৃষি বিপ্লব করতে চাই। আপনাদেরও একটু গ্রামমুখী হওয়া দরকার।
- আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকার হবে- এই হচ্ছে আমার স্বপ্ন।
- সরকারী কর্মচারী, আওয়ামী কর্মচারী, ছাত্র ভাইয়েরা সবাইকে অনুরোধ করছি আপনারা গ্রামে গ্রামে দুঃখী মানুষের পাশে দাঁড়ান।
- যদি সমন্বিত কৃষি খামার গড়ে তোলা না যায় তাহলে আমাদের কৃষি উন্নয়ন ব্যহত হবে।
- আমাদের নজর গ্রামের দিকে দিতে হবে। কৃষকদের রক্ষা করতে হবে।
- আমাদের সমাজে চাষীরা হলো সবচেয়ে দুঃখী ও নির্যাতিত শ্রেণি এবং তাদের অবস্থার উন্নতির জন্য আমাদের উদ্যোগের বিরাট অংশ অবশ্যই তাদের পিছনে নিয়োজিত করতে হবে।
- দেশের কৃষি বিপ্লব সাধনের জন্য কৃষকদের কাজ করে যেতে হবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উক্তি:

- দারিদ্র্য বিমোচন করা, মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন করাই আমাদের লক্ষ্য।
- খাদ্য নিরাপত্তা বিষয়টি কৃষির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। একইসঙ্গে এটি একটি বহুমাত্রিক এবং জটিল বিষয়।
- সমাজের প্রান্তিক, অবহেলিত, সুবিধাবঞ্চিত, দরিদ্র নারীদের উন্নয়নে সরকার বিশেষ নজর দিয়েছে।
- বাংলাদেশে আমরা নারীর এ বঞ্চনা নিরসনে নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

- দক্ষিণ এশিয়া থেকে ক্ষুধা দূর করতে হলে এ অঞ্চলের দেশগুলোর ঐক্যবদ্ধ উদ্যোগের কোন বিকল্প নেই।
- আমাদের দারিদ্র্যের হার ৪০ শতাংশ থেকে কমে ২৪ শতাংশ হয়েছে।
- আমরা চাই বিশ্বের একটি মানুষও যেন অনাহারে না থাকে; অপুষ্টিতে না ভোগে।
- কৃষিজমিগুলো সমবায়ের মাধ্যমে একত্রিত করে কৃষি ব্যবস্থা ও উৎপন্ন দ্রব্যের সুষম বণ্টনসহ উৎপাদিত শস্য যাতে নির্ধারিত মূল্যে বাজারজাত করা হয় ও খাদ্য সংরক্ষণ ব্যবস্থা স্বাস্থ্যসম্মত হয় তার উদ্যোগ নিতে হবে।
- আমি মনে করি আধুনিক যুগোপযোগী কৃষিব্যবস্থাই আমাদের উৎপাদন বৃদ্ধিতে প্রধান হাতিয়ার হতে পারে।